



## বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

ময়মনসিংহ (উঃ) ।

সূত্র : আনিকা/ময়মন(উঃ)/শুধাচার/প্রশা-১২(২)/২০২৩-২০২৪/ ১৭৮

তারিখ : ২৮.০৩.২০২৪ ইং

### বিষয়ঃ শুধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্ম- পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক নীতি নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার বিবরণী ।

জাতীয় শুধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (উঃ) শুধাচার ও নীতি নৈতিকতা কমিটির সভা ২৮.০৩.২০২৪ ইং তারিখে বিকাল ০৩.০০ ঘটিকায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।




ক্রমিক	নাম	পদবী
১।	জনাব মোঃ মাহফুজুর রহমান, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	সভাপতি
২।	জনাব অজিত কুমার ঢালী, উঃ মূখ্য কর্মকর্তা	সদস্য
৩।	জনাব মোঃ মাসুদ রেজা, মুঃ কর্মকর্তা	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

কর্মক্ষেত্রে শুধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করণে শুধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় তার বক্তব্যে উল্লেখ করেন। তিনি আরও বলেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি শ্রদ্ধাশীলতা তথা শুধাচারের বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমানে ব্যাংকিং খাতে শুধাচার রকৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহন অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ময়মনসিংহ (উঃ) কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। জাতীয় শুধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নিয়ে আলোচনা।
- ২। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের বিষয়ে শাখা পর্যায়ে পরামর্শ দিবেন এবং ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোট সটিং এর বিষয়ে শাখা সমূহ কে পরামর্শ প্রদান করতে হবে।
- ৩। বিকেবি আচরণবিধি বাস্তবায়নে সকলকে সচেষ্ঠ থাকতে পরামর্শ দিবেন।
- ৪। খেলাপী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে সচেষ্ঠ হবেন।
- ৫। নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ গুলো স্পটেই নিষ্পত্তি করবেন। শাখা নিরীক্ষাকালীন সময়ে নতুন অনুচ্ছেদগুলো নিরীক্ষাতে সচেতনভাবে অন্তর্ভুক্তি করা।
- ৬। অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী কর্মপরিসরে শুধাচার চর্চা করবেন এবং অর্পিত কাজ সুচারু রূপে সম্পন্ন করবেন।
- ৭। সততার সাথে সকল কে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদবিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।

- ৮। সকল শাখাকে অভ্যন্তরীণ নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/বিনিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান।
- ৯। পেনশনারদের নিরীক্ষা ছাড়পত্র দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১০। সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধি বিধান যথাযথ ভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ভাবে ব্যবস্থা গ্রহণের জন্য শাখা কে পরামর্শ দিবেন।
- ১১। সকল শাখাকে অনিষ্পন্ন অনুচ্ছেদের জবাব দ্রুত প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপকদের কে পরামর্শ দিবেন।
- ১২। দর্শনীয় স্থানে অভিযোগ বাক্স স্থাপনের জন্য শাখাকে পরামর্শ দিবেন।
- ১৩। গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হতে পরামর্শ দিবেন।

সভাপতি মহোদয়সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দ কে

 (মোঃ মাসুদ রেজা) মুঃ কর্মকর্তা ও সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা নীতি নৈতিকতা কমিটি	 (অঞ্জিত কুমার চলী) মুখ্য কর্মকর্তা ও সদস্য নীতি নৈতিকতা কমিটি	 (মোঃ মাহফুজুর রহমান) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও সভাপিত নীতি নৈতিকতা কমিটি
---	--	---


ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিকা/ময়মন(উঃ)/শুদ্বাচার/প্রশা-১২(২)/২০২৩-২০২৪/১৭৮(১)

তারিখ : ২৮.০৩.২০২৪ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিনিকা, ময়মনসিংহ।
- ২। বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ(উঃ) এর নিরীক্ষাবীন সকল শাখা।

  
 (মোঃ মাসুদ রেজা)

(মোঃ মাসুদ রেজা)

মুখ্য কর্মকর্তা

সদস্য সচিব

শুদ্বাচার ও নৈতিকতা কমিটি।